বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১.৪৫০

তারিখ: ০২ অগ্রহায়ন ১৪৩৩ বঙ্গাব্দ / ১৭ নভেম্বর ২০২৬ খ্রি.

বিষয়: উদ্যোক্তা ঋণ বিতরণের পূর্বে প্রধান কার্যালয়ের উদ্যোক্তা ঋণ মঞ্জুরীর অনলাইন কপি যাচাই

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় উদ্যোক্তা ঋণ বিতরণের সংস্থান রয়েছে। প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ নং ৫.১৬ হতে ৫.২২ পর্যন্ত উদ্যোক্তা নির্বাচন, উদ্যোক্তা ঋণ বিতরণ, আদায়, মঞ্জুরী প্রক্রিয়াসহ বিস্তারিত উল্লেখ করা হয়েছে। অনুচ্ছেদ ৫.২০ (১২) অনুযায়ী প্রধান কার্যালয় থেকে উদ্যোক্তা ঋণ অনুমোদনের পর বিষয়টি প্রস্তাবিত ঋণের নথিতে উল্লেখপূর্বক যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ঋণ বিতরণের নির্দেশনা রয়েছে। প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকায় সুস্পষ্ট নির্দেশনার পরও অনেক উপজেলায় উদ্যোক্তা ঋণ বিতরণের পূর্বে প্রধান কার্যালয়ের ঋণ মঞ্জুরীর কপি না দেখে অধস্তন কর্মচারীর মৌখিক কথার উপর ভিত্তি করে উদ্যোক্তা ঋণ বিতরণ করার ফলে কিছু অনাকাঙ্খিত ঘটনা সংঘটিত হচ্ছে।

এমতাবস্থায়, উদ্যোক্তা ঋণ বিতরণের পূর্বে ইরেসপো ওয়েবসাইট হতে উদ্যোক্তা ঋণ মঞ্জুরীর পত্র দেখে সঠিক উদ্যোক্তাকে ঋণ বিতরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলা.....জেলা.....

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য

১. যুগ্মপরিচালক, বিভাগীয় দপ্তর, বিআরডিবি (সংশ্লিষ্ট বিভাগ) .....
২. উপপরিচালক, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা).....
৩. প্রোগ্রামার ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
৫. পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা
৬. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো (সংশ্লিষ্ট উপজেলা).....
৭. অফিস নথি/গার্ড ফাইল।